# মার্চ/২০২২খ্রি. মাসে অনুষ্ঠিত জেলা আইসিটি কমিটি বিষয়ক সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব মোহাম্মদ এনামুল হক
জেলা প্রশাসক, ময়মনসিংহ

সভার তারিখ : ২৭ মার্চ ২০২২খ্রি.

সভার সময়ঃ : বিকাল ০৩.০০ ঘটিকা

স্থানঃ : অনলাইন (Zoom Software এর মাধ্যমে)

উপস্থিতিঃ : ৩৪ (চৌত্রিশ) জন।

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ময়মনসিংহ অনলাইনে সংযুক্ত সভার সকলকে শুভেচ্ছা জানিয়ে মার্চ/২০২২ মাসের জেলা আইসিটি সভার কার্যক্রম শুরু করেন। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ময়মনসিংহ বিগত সভার কার্যবিবরণীর কোন সংশোধন আছে কি না, তা জানতে চান এবং কোন সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। পরবর্তীতে, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ময়মনসিংহ সদস্য সচিব কে ময়মনসিংহ জেলার আইসিটি কার্যক্রমের উপর বিস্তারিত উপস্থাপনার জন্য অনুরোধ করেন। সদস্য সচিব ময়মনসিংহ জেলার আইসিটি কমিটির মাসিক সভার কার্যক্রম পাওয়ার পয়েন্ট উপস্থাপনার মাধ্যমে তুলে ধরেন। বিস্তারিত উপস্থাপনার পর নিম্নোক্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

**২. জেলা আইসিটি কমিটি বিষয়ক সভার আলোচ্য বিষয়, সিদ্ধান্ত ও বাস্তবায়নঃ**

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ২.১ | সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্পঃ শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন (২য় পর্যায়) শীর্ষক প্রকল্পে ময়মনসিংহ জেলায় ২০৫টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব এবং ১১টি সংসদীয় আসন থেকে ১১টি স্কুল অফ ফিউচারসহ সর্বমোট ২১৬টি ল্যাবের বরাদ্দ প্রদান করা হয়েছে। বর্তমানে ল্যাবের রেনোভেশনের কাজ চলমান। | পূর্বে স্থাপিত ল্যাবসমূহের সুষ্ঠু ব্যবহার, রক্ষণাবেক্ষণ ও মেরামত এবং পরিচালনা সংক্রান্ত উপজেলা ল্যাব পরিচালনা কমিটির তদারকি জোরদার করতে হবে। ল্যাব মনিটরিং এর জন্য সহকারী প্রোগ্রামারগণ নিয়মিত পরিদর্শন এবং রিপোর্ট প্রেরণ অব্যাহত রাখবে। ল্যাব রেনোভেশনের কাজ নিয়মিত তদারকি করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)<br><br>প্রোগ্রামার<br><br>সহকারী কমিশনার (আইসিটি) |
| ২.২ | সুরক্ষাতে কোভিড-১৯ টিকা কার্ড সংশোধনীঃ সুরক্ষা (www.surokkha.gov.bd) এই ওয়েবসাইটে কোভিড-১৯ টিকা কার্ড রেজিস্ট্রেশন করে এ জেলায় টিকা নেওয়া প্রার্থীদের টিকা কার্ড এবং টিকা সনদে তথ্য সংশোধন কার্যক্রম আইসিটি অধিদপ্তর, জেলা কার্যালয়, ময়মনসিংহ থেকে চলমান রয়েছে এ মর্মে আলোচনা হয় । এ পর্যন্ত ময়মনসিংহ জেলায় সুরক্ষা সিস্টেমে তথ্য সংশোধনের জন্য ১১৫৬টি আবেদন গ্রহণ করা হয়েছে। আবেদন নিষ্পন্ন হয়েছে ১০৪৪টি এবং অনিষ্পন্ন রয়েছে ১১২টি। আবেদন নিষ্পন্নের হার ৯০.৩২%। | সদস্য সচিব সভার সকল সদস্যকে এ বিষয়ে অবহিত করেন এবং "সুরক্ষা"তে টিকা কার্ড ও টিকা সনদে তথ্য সংশোধনের জন্য অত্র দপ্তরে আবেদনের জন্য অনুরোধ করেন। | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)<br><br>প্রোগ্রামার |
| ২.৩ | ইনফো সরকার-৩য় পর্যায় প্রকল্পঃ ইনফো সরকার ফেজ-৩ এর মাধ্যমে ময়মনসিংহ জেলার ১৩টি উপজেলায় ১৪৫টি ইউনিয়নের মধ্যে ১০৭টি ইউনিয়নে ব্রডব্যান্ড ইন্টারনেট কানেক্টিভিটি প্রদানের কার্যক্রম চলমান রয়েছে । ইতোমধ্যে ১০টি উপজেলা ও ১০৭টি ইউনিয়ন এর যন্ত্রপাতি স্থাপন ও সংযোগ সম্পন্ন হয়েছে। যার মধ্যে ৯৯টি ইউনিয়ন এর ইউনিয়ন | ইউডিসি উদ্যোক্তাদের ফ্রী ইন্টারনেট লাইনের সংযোগ থাকবে না। ওয়াইফাই সংযোগের জন্য NTTN (সামিট কমিউনিকেশনস্ লিমিটেড), আইএসপি ও উদ্যোক্তা ত্রিপক্ষীয় চুক্তি করার জন্য প্রয়োজনীয় | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)<br><br>উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br><br>প্রোগ্রামার |

| | | | |
|---|---|---|---|
| | ডিজিটাল সেন্টারে (CRS) এর আওতায় ফ্রি ওয়াইফাই সংযোগ দেয়া হয়েছে। এখন পর্যন্ত কার্যকর হয়েছে ১০৭টি ইউনিয়নের ডিভাইস। প্রকল্প অফিস থেকে জানানো হয় বিদ্যুৎ বিল এর বরাদ্দ পাওয়া যাবে এবং শীঘ্রই এ বিল পরিশোধ করা হবে। এছাড়াও তিনটি উপজেলা POP এর কাজ চলমান রয়েছে এবং বিভিন্ন ইউনিয়ন এর ব্যাটারী পরিবর্তন ও অসম্পূর্ণ কাজ সম্পন্ন করার বিষয়ে NTTN (সামিট কমিউনিকেশনস্ লিমিটেড) কে সভায় জানানো হয়। এখন পর্যন্ত PAT সম্পন্ন হয়েছে ১০৭টি এবং FAT সম্পন্ন হয়েছে ৭২টি। | ব্যবস্থা নিতে হবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়। UDC, NTTN (সামিট কমিউনিকেশনস্ লিমিটেড) ও আইএসপি এর মাধ্যমে ত্রিপক্ষীয় চুক্তির বিষয়ে জানতে চাওয়া হয় এবং দ্রুত বাস্তবায়ন এর উদ্যোগ নেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রোগ্রামার (সকল)<br><br>সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার (ইনফো সরকার ৩য় পর্যায় প্রকল্প)<br><br>সামিট কমিউনিকেশনস্ লি., ময়মনসিংহ এর প্রতিনিধি |
| ২.৪ | লার্নিং এন্ড আর্নিং ডেভেলপমেন্ট প্রকল্পঃ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন লার্নিং এন্ড আর্নিং ডেভেলপমেন্ট প্রকল্প কর্তৃক Professional Outsourcing Training শিরোনামে ফাউন্ডেশন ও স্পেশালাইজেশনসহ যুগোপযুগী কারিকুলামের মাধ্যমে ময়মনসিংহ জেলায় ৩৬টি ব্যাচে প্রতিটি ব্যাচে ২০জন করে ৭২০ জনের অনলাইন প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে। এর মধ্যে গ্রাফিক্স ১০টি ব্যাচে ২০০জন, ডিজিটাল মার্কেটিং ১৪টি ব্যাচে ২৮০জন এবং ওয়েব ডিজাইন এন্ড ডেভেলপমেন্ট ১২টি ব্যাচে ২৪০ জনকে অনলাইনে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ৩৬টি ব্যাচে প্রতি ব্যাচে ০২জন সর্বোচ্চ উপার্জনকারীকে ৭২টি ল্যাপটপ বিতরণের জন্যে অত্র কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান প্রাপ্ত উপার্জনকারী প্রশিক্ষণার্থীদের তালিকা যাচাই-বাছাই এর জন্য উপজেলায় সহকারী প্রোগ্রামারদের মাধ্যমে জেলায় প্রেরণ করা হয়েছে। চূড়ান্ত যাচাই-বাছাই শেষে ল্যাপটপ বিতরণ করা হবে। | লার্নিং এন্ড আর্নিং ডেভেলপমেন্ট প্রকল্প কর্তৃক Professional Outsourcing Training কোর্সে অংশগ্রহণের জন্য অনলাইন রেজিস্ট্রেশন ও অনলাইনে প্রশিক্ষণার্থী নির্বাচনের জন্য পরীক্ষা গ্রহণের মাধ্যমে প্রশিক্ষণার্থী নির্বাচন করে গত ১৭ মে ২০২০ থেকে মোট ৩৬টি ব্যাচে ৭২০ জন প্রশিক্ষণার্থীর অনলাইনে প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে। প্রতিটি ব্যাচে সর্বোচ্চ উপার্জনকারী ০২ জন করে মোট ৭২ জনকে ০১টি করে ল্যাপটপ প্রদান করা হবে। | জেলা প্রশাসন ময়মনসিংহ<br><br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ময়মনসিংহ<br><br>জনাব মাহমুদুল হাসান মুন, প্রতিনিধি, Digicon Technologies Ltd. & Jv. |
| ২.৫ | ই-নথি বাস্তবায়ন ও প্রশিক্ষণঃ ২০২০-২০২১ অর্থ বছরে জেলা পর্যায়ে ৩০ সেপ্টেম্বর ২০২০খ্রি. তারিখ হতে ০২ (দুই) দিনব্যাপী ০৩টি ব্যাচের মাধ্যমে ৬০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। আরোও ০২টি ব্যাচের তালিকা প্রশিক্ষণের জন্য প্রস্তুত রয়েছে। এছাড়াও, গত ১২ এপ্রিল ২০২১খ্রি. তারিখ হতে শুরু হয়ে আরোও ০৮টি ব্যাচে ২৫জন করে ২০০ জন এবং ০২টি ব্যাচে ৩০জন করে ৬০ জন মোট ২৬০ জনের প্রশিক্ষণ গত ০৫মে ২০২১খ্রি. তারিখে সম্পন্ন হয়েছে। জেলা এবং উপজেলা পর্যায়ে ১২টি ব্যাচের মাধ্যমে ৩২০ জনের প্রশিক্ষণ গত ১৮ আগষ্ট ২০২১খ্রি. তারিখে সমাপ্ত হয়েছে। উপজেলা পর্যায়ে গত ৭ এবং ৯ সেপ্টেম্বর ২০২১খ্রি. তারিখে ০২টি ব্যাচের মাধ্যমে ৫০ জনকে ই-নথি বিষয়ক রিফ্রেশার্স প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। **এছাড়াও বিভাগীয় ও জেলা পর্যায়ে ০৬টি ব্যাচে প্রতি ব্যাচে ২৫ জন করে ১৫০ জন কে ডি-নথি প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।** বর্তমানে জেলা পর্যায়ে ৭৪টি এবং উপজেলা পর্যায়ে ১১৯টি সহ মোট ১৯৩টি অফিস ই-নথি লাইভে আছে। ই-নথি | ই-নথি কার্যক্রম জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়। প্রশিক্ষণ প্রাপ্ত অফিসসমূহ দ্রুত লাইভে নিয়ে আসতে হবে। জেলা ও উপজেলা কার্যালয়ের ই-নথি কার্যক্রম গতিশীল করার জন্য যেসকল সরকারি অফিস লাইভে আছে সেসকল অফিসকে তাগিদ প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা পর্যায়ে ই-নথি কার্যক্রম আরও জোরদারকরণের লক্ষ্যে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ময়মনসিংহ সকল উপজেলা নির্বাহী অফিসারগণকে বিশেষভাবে তাগিদ প্রদান করেন। | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)<br><br>উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br><br>প্রোগ্রামার<br><br>সহকারী প্রোগ্রামার (সকল) |

| | | | |
|---|---|---|---|
| | সিস্টেমের জরুরী মানোন্নয়ন কার্যক্রম চলছে বিধায় জেলা পর্যায়ে সরকারি অফিসের ই-নথির অবস্থান তুলে ধরা যাচ্ছে না। | | |
| ২.৬ | ওয়েব পোর্টাল হালনাগাদকরণ সংক্রান্তঃ জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে ওয়েব পোর্টালের উপর ২৭টি ব্যাচের মাধ্যমে ৬৭৫ জনকে শীঘ্রই প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ওয়েব পোর্টাল হালনাগাদের ওয়েব পোর্টাল সিস্টেমের জরুরী মানোন্নয়ন কার্যক্রম চলছে বিধায় জেলা পর্যায়ে সরকারি অফিসের ওয়েব পোর্টাল অবস্থান তুলে ধরা সম্ভব হয়নি। | জেলা ও উপজেলা পর্যায়ে সরকারি অফিসের ওয়েব পোর্টাল হালনাগাদ কার্যক্রম গতিশীল করার জন্য সকল দপ্তরকে জরুরী ভিত্তিতে উদ্যোগ গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)<br>দপ্তর প্রধান (সকল)<br>উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br>প্রোগ্রামার<br>সহকারি কমিশনার (আইসিটি)<br>সহকারী প্রোগ্রামার (সকল) |
| ২.৭ | WISIS Award 2022: 'বিশ্বমঞ্চে আসুন আবার বাংলাদেশের পতাকা উড়াই' এই প্রতিপাদ্যকে সামনে রেখে জাতীয় হেল্পলাইন ৩৩৩ ও কিশোর বাতায়ন (Konnect) এবং ইনফো সরকার-৩ পর্যায় প্রকল্পকে WISIS Award 2022 এ ভোট প্রদানের জন্য https://www.itu.int/net4/wsis/stockta king/prizes/2022 এই লিঙ্কে প্রবেশ করে সকলকে ভোট দিয়ে বিজয়ী করার জন্য আহ্বান করা হয়। | সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার (ইনফো সরকার ৩য় পর্যায় প্রকল্প) এর প্রচারনা চালান এবং বিভিন্ন দপ্তর থেকে ভোট সংগ্রহ করেন। | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)<br>প্রোগ্রামার<br>সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার (ইনফো সরকার ৩য় পর্যায় প্রকল্প) |

৩.অতঃপর, সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে শুভ কামনা এবং ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোহাম্মদ এনামুল হক)
জেলা প্রশাসক
ময়মনসিংহ

স্মারক নম্বরঃ ৫৬.০৪.৬১০০.০০০.০৬.০০১.১৯.২০

তারিখঃ ০৮ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ / ২১ এপ্রিল ২০২২খ্রি.

**সদয় অবগতি/অবগতি ও কার্যার্থেঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):**

০১। মাননীয় সংসদ সদস্য (সকল), ময়মনসিংহ।
০২। পুলিশ সুপার, ময়মনসিংহ।
০৩। সিভিল সার্জন, জেলা সিভিল সার্জনের কার্যালয়, ময়মনসিংহ।
০৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ময়মনসিংহ।
০৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ।
০৬। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
০৭। সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
০৮। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ময়মনসিংহ।

০৯। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, ময়মনসিংহ।
১০। অধ্যক্ষ, আনন্দমোহন কলেজ, ময়মনসিংহ।
১১। অধ্যক্ষ, মুমিনুন্নিসা সরকারি মহিলা কলেজ, ময়মনসিংহ।
১২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ময়মনসিংহ।
১৩। জেলা মৎস্য কর্মকর্তা, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, ময়মনসিংহ।
১৪। উপ-পরিচালক, জেলা সমাজসেবা অফিস, জেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ।
১৫। জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, ময়মনসিংহ।
১৬। বিভাগীয় প্রকৌশলী, বিটিসিএল, ময়মনসিংহ।
১৭। অধ্যক্ষ, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, ময়মনসিংহ।
১৮। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
১৯। প্রধান শিক্ষক, ময়মনসিংহ জিলা স্কুল, ময়মনসিংহ।
২০। সহকারী প্রোগ্রামার (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, ময়মনসিংহ।
২১। সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, ইনফো সরকার ৩য় পর্যায় প্রকল্প, বিসিসি।
২২। জনাব ফারামার্জ আল নূর রাজিব, এডভোকেট, জজ কোর্ট, ময়মনসিংহ।
২৩। জনাব হুমায়ুন কবীর, ডেপুটি ম্যানেজার, ফাইবার@হোম লিমিটেড, ময়মনসিংহ।
২৪। জনাব বুলবুল হোসেন, সাধারণ সম্পাদক, আইসিটি ডেভেলপমেন্ট ফোরাম, ময়মনসিংহ।
২৫। জনাব মোঃ খুরশীদ আলম, সাধারণ সম্পাদক, আইসিটি শিক্ষক ফোরাম, ময়মনসিংহ।
২৬। জনাব মোঃ মোখলেছুর রহমান, পরিচালক, আনন্দ মাল্টিমিডিয়া, ময়মনসিংহ।
২৭। জনাব সামিউল মামুন, এসিট্যান্ট ম্যানেজার, সামিট কমিউনিকেশন লিমিটেড, ময়মনসিংহ।
২৮। জনাব এস, এ, এম, বশির, CTO, অনিক কম্পিউটার নেটওয়ার্ক, ময়মনসিংহ।
২৯। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩০। অফিস কপি।

২১/08/2022

নূরে আলম সিদ্দীকী
প্রোগ্রামার